

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

অনুবাদের দু'কলম

الحمد لله رب العالمين، والصلاة والسلام على أشرف الأنبياء والمرسلين،
نبينا محمد وعلى آله وصحبه أجمعين

প্রতিনিয়ত আমরা ডুবে আছি আল্লাহর অসংখ্য নিয়ামতের মাঝে। পরিবারও আল্লাহপ্রদত্ত এক বিশেষ নিয়ামত। পরিবার ভালোবাসার আধার। পরস্পরের প্রতি মায়া-মমতা, আদর-যত্ন দেখানোর এক অনুপম আবাস। পরিবার আমাদের প্রথম শিক্ষালয়। পরিবার বিনে আমরা কেমন যেন অসহায়। বস্তুত, একটি আদর্শ পরিবার পারে আদর্শ সন্তান গড়তে। সে অর্থে পরিবার আদর্শ মুসলিম গড়ার কারিগর।

কিন্তু দুঃখজনক হলেও সত্য, চারপাশে তাকিয়েও আজ আমরা খুঁজে পাই না কোনো আদর্শ পরিবার! প্রায় পরিবারই দেখি নানা বিপর্যয়ের সম্মুখীন। মানুষের মুখে মুখে শুনি পারিবারিক অভিযোগ-অনুযোগ। মুসলিম হয়েও আজ আমরা অনুসরণ করে চলছি পাশ্চাত্যের নোংরা লাইফ-স্টাইল। তাদের মতো চলে নিজেদের ঘরগুলোকে করে তুলেছি একেকটি গুনাহের আসর! ফলে দিনদিন হারাচ্ছি নিজেদের ব্যক্তিত্ব, হারাচ্ছি আমাদের সুষ্ঠু-সুন্দর পারিবারিক ঐতিহ্য। পারিবারিক অশান্তি আর দুনিয়ার গ্লানি তো বয়ে বেড়াচ্ছি। সেই সাথে আখিরাতকে সমৃদ্ধ করার সুযোগও হারাচ্ছি।

যাহোক, আমরা যদিও দ্বীন পালনে উদাসীনতা দেখাই, আল্লাহকে ভুলে থাকি; কিন্তু দয়াময় আল্লাহ আমাদের ভুলে যান না। তিনি আমাদের স্মরণ করিয়ে দেন কোনটি সঠিক পথ আর কোন পথে রয়েছে আমাদের মুক্তি।

সূচিপত্র

অবতরণিকা.....	০৯
পারিবারিক বিপর্যয়ের কারণ ও প্রতিকার	
উপদেশ : যথাযথভাবে পর্দার ফরজ আদায় করুন.....	১৩
* দেবর মৃত্যুতুল্য হওয়ার কয়েকটি অর্থ.....	১৪
* সংযোজন : একটি ঘটনা.....	১৬
উপদেশ : পারিবারিক বা ভিন্ন কোনো সম্মিলনের ক্ষেত্রে পুরুষ ও নারীদের জন্য আলাদা আলাদা মজলিশের ব্যবস্থা করুন.....	১৭
উপদেশ : ঘরের কাজের লোকদের ক্ষতি থেকে সতর্ক থাকুন.....	২১
* শিশু সন্তানদের তরবিয়ত ও তাদের সঠিকভাবে বেড়ে ওঠার ওপর বিরূপ প্রভাব পড়া.....	২২
* পরিবারের লোকদের জন্য ক্ষতিকর কিছু বিষয়.....	২৪
* ব্যভিচারে কত পরিচারিকা গর্ভবতী হচ্ছে, তার কি কোনো হিসেব আছে?.....	২৬
* যারা পরিচারক-পরিচারিকা রাখা নিজেদের জন্য জরুরি মনে করেন, তাদের জন্য কিছু দিক-নির্দেশনা.....	২৯
* সতর্কীকরণ.....	৩১
উপদেশ : 'তোমাদের ঘর থেকে মুখান্নাসদের (মেয়েলি পুরুষ) বের করে দাও।'.....	৩২
* মুখান্নাসের সংজ্ঞা.....	৩৩
উপদেশ : টেলিভিশন, কম্পিউটার, ল্যাপটপ ইত্যাদির ভয়াবহ ক্ষতি থেকে সাবধান থাকুন.....	৩৬
* আকিদাগত ক্ষতি.....	৩৬
* সামাজিক অবক্ষয়.....	৩৭
* চারিত্রিক অবক্ষয়.....	৪০
* ইবাদতের ওপর বিরূপ প্রভাব.....	৪১

* ইতিহাসের বিকৃতি সাধন.....	৪১
* আত্মিক অবক্ষয়.....	৪২
* স্বাস্থ্যগত ক্ষতি.....	৪৩
* আর্থিক ক্ষতি.....	৪৩
উপদেশ : মোবাইলের ধ্বংসাত্মক প্রভাব থেকে আপনার পরিবারকে বাঁচান.....	৪৪
* ক্ষতিকর কাজে মোবাইল-ফোন ব্যবহারের কিছু নমুনা.....	৪৪
* মোবাইল ও টেলিফোনের ক্ষতি থেকে বাঁচার উপায়.....	৪৫
উপদেশ : কাফির-মুশরিকদের ধর্মীয় প্রতীক, তাদের উপাস্য, দেব-দেবীসংশ্লিষ্ট বিভিন্ন চিহ্ন ঘর থেকে অপসারণ করুন.....	৪৭
উপদেশ : ঘর থেকে প্রাণীর ছবি অপসারণ করুন.....	৪৯
উপদেশ : ধূমপান বর্জন করুন.....	৫৫
উপদেশ : ঘরে কুকুর রাখা থেকে বিরত থাকুন.....	৫৬
উপদেশ : বাড়ি-ঘরে কারুকার্য করা থেকে বিরত থাকুন.....	৫৮

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

অবতরণিকা

الْحَمْدُ لِلَّهِ نَحْمَدُهُ، وَنَسْتَعِينُهُ، وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا،
وَسَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يَضِلَّ فَلَا هَادِيَ لَهُ،
وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.
أَمَّا بَعْدُ-

পরিবারের পরিশুদ্ধতা আল্লাহর পক্ষ থেকে অনেক বড় একটি আমানত।
বিরাট এক দায়িত্ব। আল্লাহর আদেশ অনুযায়ী এ আমানত রক্ষা করা
প্রত্যেক মুসলমান নর-নারীর ওপর আবশ্যিক। পরিবারকে সর্বপ্রকার মন্দ
ও নিকৃষ্ট বিষয় থেকে মুক্ত রাখা—এ আমানত রক্ষারই অন্যতম অংশ।

এ বইতে এমন পরিবারগুলোর প্রতি বিশেষ নির্দেশনা রয়েছে, যে সকল
পরিবারে নানান ধরনের নিকৃষ্ট ও ক্ষতিকর বিষয় বিদ্যমান—যেসব বিষয়
কেবল উম্মাহর ভবিষ্যৎ প্রজন্মকে ধ্বংসের মুখেই ঠেলে দেয় না; বরং একটি
মুসলিম পরিবারকে পতিত করে বিপর্যয়ের শেষ সীমায়, পুরো পরিবারকে
ধ্বংস করে তবে ক্ষান্ত হয়।

আপনার হাতের এ বইটিতে পারিবারিক বিপর্যয় সৃষ্টির এমনই কিছু বিশেষ
কারণ নিয়ে আলোচনা থাকবে। এবং এ বিপর্যয়ের কারণ হিসেবে আবির্ভূত
হারাম বিষয়গুলো থেকে বেঁচে থাকার ও সেগুলো প্রতিকারের উপায়
সম্পর্কে নির্দেশনা থাকবে। পাঠক সমীপে প্রতিটি নির্দেশনা উপস্থাপিত হবে
‘উপদেশ’ নামে। আশা করি, এ বইটি তাদের জন্য পথনির্দেশিকা হবে, যারা
হকের পথে চলতে চায়, কদম বাড়াতে চায় সংস্কার ও পরিবর্তনের পথে;
যার আদেশ স্বয়ং রাসুল ﷺ আমাদের দিয়েছেন তাঁর মধুসম বাণীতে :